

**১৯৯৭-৯৮ অর্থবৎসরের বাজেট ও ১৯৯৮-৯৯  
অর্থবৎসরের বাজেটের মধ্যবর্তী সময়ে জারিকৃত  
প্রজ্ঞাপনসমূহ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ আবগারী ]

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০-০৬-১৪০৪ বাং/১৫-১০-১৯৯৭ ইং

এস, আর, ও নং-২৩৬-আইন/৯৭/২৮৮-আবগারী I-- Excises and Salt Act, 1944 (1 of 1944) এর Section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৬ই ভাদ্র, ১৩৯৪ বাং মোতাবেক ২রা সেপ্টেম্বর, ১৯৮৭ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৮৩-আইন/৮৭/১৬৮-আবগারী রহিতক্রমে, উক্ত Act এর First Schedule এর PART 1 এর Heading Nos. এবং উহাদের H.S. Codes এর আওতাধীন তৃতীয় কলামে বর্ণিত পণ্য সমূহকে (Goods), নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের উপর আরোপণীয় সমুদয় আবগারী গুলু হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথাঃ

- (০১) এইসব পণ্য সরাসরিভাবে অথবা পুনঃপ্রক্রিয়াজাতকরণের মাধ্যমে রপ্তানীযোগ্য অন্য কোন পণ্য উৎপাদনের কাজে ব্যবহৃত হইবে ;
- (০২) উৎপাদনকারী শতভাগ রপ্তানীকারককে তাহার রপ্তানীর অনুকূলে প্রাপ্ত “মাষ্টার এল,সি” এর বিপরীতে স্থানীয়ভাবে ঋণপত্র খোলার মাধ্যমে বৈদেশিক মূদ্রার বিনিময়ে এইসব পণ্য সরবরাহ করিবেন ;
- (০৩) শতভাগ রপ্তানীমুখী উৎপাদনকারী বা অনুরূপ উৎপাদনকারী বলিয়া গণ্য ব্যক্তি, অতঃপর পণ্য সরবরাহকারী বলিয়া উল্লিখিত,

(ক) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট পণ্য খালাস বা রপ্তানীকরণের অভিপ্রায়ে প্রতি তিন মাস সময়ের জন্য পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে মুচলেকা প্রদান করিবেন যে, উক্ত পণ্যের বিষয়ে তাহার প্রদত্ত তথ্য, বিবরণী ও দলিলাদি অসত্য বা ভুয়া প্রমানিত হইলে বা কোন রপ্তানীযোগ্য পণ্য বৈদেশিক মূদ্রার বিনিময়ে রপ্তানী করিয়া না থাকিলে বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন

ব্যতিরেকে উহা স্থানীয় পর্যায়ে সরবরাহ করিলে বা উল্লিখিত পণ্য সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে বিভাগীয় কর্মকর্তাকে অবহিত না করিলে উক্ত পণ্যের সহিত সংশ্লিষ্ট শুদ্ধ ও করাদি পরিশোধ করিতে বাধ্য থাকিবেন ;

(খ) ঋণপত্র প্রাপ্তির পর প্রতিক্ষেত্রে উক্ত পণ্য কারখানা হইতে খালাসের পূর্বে পণ্যের নাম, ট্যারিফ হেডিং, পণ্য খালাসের পরিমান, মূল্য, পণ্য গ্রহীতার নাম ও নিবন্ধন নং বিভাগীয় কর্মকর্তাকে সরবরাহ করিবেন এবং মাষ্টার এল,সি'র বিপরীতে স্থানীয়ভাবে খোলা এল, সি ও ইউটলাইজেশন ডিক্লারেশন (ইউডি) এর অনুলিপি সংযুক্ত করিবেন ;

(গ) প্রতিমাসের দশ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে রপ্তানীকৃত পণ্য সম্পর্কিত বিস্তারিত তথ্য ও দলিলাদি সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিলপূর্বক এইমর্মে নিশ্চিত করিবেন যে, উক্ত পণ্যের রপ্তানী সম্পন্ন হইয়াছে ;

(ঘ) কোন পণ্য চালানের বিপরীতে রপ্তানীমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) প্রাপ্তির পনের দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তাকে উহা অবহিত করিবেন, তবে রপ্তানীর ৬ মাসের মধ্যে কোন কারণে প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) পাওয়া না গেলে কারণসহ উহা বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন ।

(০৪) পণ্য সরবরাহকারী শতভাগ রপ্তানীমুখী না হইলে প্রতিক্ষেত্রে ঋণপত্র প্রাপ্তির পর পণ্য কারখানা হইতে খালাসের পূর্বে শর্ত ৩ (খ) এর অনুরূপভাবে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন এবং রপ্তানীকরণ সম্পর্কে ও রপ্তানীকৃত পণ্যের মূল্য বৈদেশিক মুদ্রায় পরিশোধিত হওয়া সম্পর্কে পণ্য সরবরাহের দিন হইতে ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রমাণ করিতে ব্যর্থ হইলে বা অন্য কোন কারণে উক্ত পণ্য বা উহার অংশ বিশেষ হিসাব বহির্ভূত থাকিলে বা সংশ্লিষ্ট কর্মকর্তার পূর্বানুমোদন ব্যতিরেকে স্থানীয় বাজারে সরবরাহ করিলে বা, প্রযোজ্যক্ষেত্রে, তাঁহার দাখিলকৃত ইউডি যথাযথ নয় বলিয়া প্রমাণ হইলে, তিনি সরবরাহকৃত সমুদয় পণ্যের উপর প্রযোজ্য আবগারী শুদ্ধ পরিশোধে বাধ্য থাকিবেন মর্মে পঞ্চাশ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প একটি মুচলেকা প্রদান করিবেন ;

(০৫) পণ্য সরবরাহকারী শর্ত (৩)(ক) বা (৪) এ উল্লিখিত মুচলেকা অনুযায়ী সংশ্লিষ্ট পণ্য রপ্তানী করিয়াছেন এবং ঋণপত্রে উল্লিখিত বৈদেশিক মুদ্রা পরিশোধিত হইয়াছে মর্মে পিআরসি সহ ব্যাংক কর্তৃক সত্যায়িত প্রমাণাদি দাখিল করিলে বিভাগীয় কর্মকর্তা উক্ত মুচলেকা বাতিল করিবেন ;

(০৬) উক্ত পণ্য সরবরাহে অন্যান্য সকল আনুষ্ঠানিকতা অবশ্য পালনীয় এবং উপরে বর্ণিত শর্ত সমূহ পালনে ব্যর্থ হইলে বা দাখিলকৃত দলিলাদিতে জালিয়াতির আশ্রয় গ্রহণ করিলে বা কোন ভুল তথ্য পরিবেশন করিলে বা কোন মিথ্যা ঘোষণার আশ্রয় গ্রহণ করিলে তাঁহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে ;

(০৭) উক্ত পণ্য সরবরাহকারী নিম্নবর্ণিত ছকে তাঁহার কারখানায় একটি রেজিস্টার সংরক্ষণ করবেন, যথাঃ-

প্রাচুর্যভাবে রপ্তানীকৃত আবগারী পণ্য সম্পর্কিত বিবরণী :

ক্রমিক নং	পণ্যের এইচ এস কোড	পণ্যের বিবরণ	পণ্যের পরিমাণ ও মূল্য	গেটপাস নং ও তারিখ	গ্রহীতার নামি ও নিবন্ধন নং	মাষ্টার এন্ট্রির নং ও তাং	স্থানীয় এন্ট্রির নং ও তাং	ইউডি নং ও তাং	পিআরসি নং ও প্রাপ্তির তাং	মুচলেকা প্রদান ও বাতিলের তাং	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

রপ্ত্রপতির আদেশক্রমে,

[ সাইফুল ইসলাম খান ]  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)